

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ
www.probashi.gov.bd

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে ডিজিটেল টাস্কফোর্স (VTF) এর ৮ম সভা এবং অভিযান পরিচালনার কার্যবিবরণী।

তারিখ : ১৩ মার্চ, ২০১৭ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

ডিজিটেল টাস্কফোর্স এর সভায় উপস্থিত সদস্যগণের তালিকা:

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১.	জনাব মোঃ শাহনেওয়াজ চৌধুরী, যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও সভাপতি, ডিজিটেল টাস্কফোর্স (VTF), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
২.	জনাব মোঃ জহির আহমদ, উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩.	জনাব মোঃ আখতারুজ্জামান, উপসচিব (এনফোর্সমেন্ট) ও সদস্য সচিব, ডিজিটেল টাস্কফোর্স (VTF), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৪.	জনাব মোসাঃ রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও নিবাহী ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৫.	জনাব এম. কে. হাসান মাহমুদ, সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬.	জনাব মোঃ আমিনুল ইসলাম, সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
৭.	জনাব রোকেয়া খাতুন, সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৮.	জনাব তাজুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), বিএমইটি
৯.	শাহনাজ বেগম, অতিরিক্ত পুলিশ সুপার, ইমিগ্রেশন, স্পেশাল ব্রাঞ্চ
১০.	জনাব মুজিবুর রহমান, সহকারী পরিচালক, বিজিবি
১১.	জনাব শামসুম মনিরা, সহকারী, পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই)
১২.	জনাব এ. এস. এম. শফিক উদ্দীন, জাজ এডভোকেট জেনারেল, বাংলাদেশ কোস্টগার্ড
১৩.	জনাব মিজানুর রহমান, জয়েন্ট সেক্রেটারী জেনারেল, বায়রা
১৪.	জনাব মোঃ নাদিম রহমান, প্রিভেনশন ও কমিউনিকেশন ম্যানেজার, উইনরক ইন্টারন্যাশনাল
১৫.	জনাব মোহাম্মদ হুমায়ুন কবির, পরিচালক, ট্যুর অপারেটর এসোসিয়েশন বাংলাদেশ (TOAB)
১৬.	জনাব শেখ মুস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, বিএমইটি, প্রবাসী কল্যাণ ডেস্ক

বিগত ১৩-০৩-২০১৭ তারিখ সকাল ১০:০০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও ডিজিটেল টাস্কফোর্সের সভাপতি জনাব মোঃ শাহনেওয়াজ চৌধুরী উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনো সদস্যের আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভার শুরুতে সদস্য সচিব বলেন, বাংলাদেশের অভিবাসন ব্যয় বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বেশী। অভিবাসন ব্যয় বৃদ্ধির ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য একটি বড় সমস্যা। ভিসা ট্রেডিংও এক্ষেত্রে অন্যতম ভূমিকা পালন করে।

অতিরিক্ত পুলিশ সুপার (ইমিগ্রেশন) জনাব শাহনাজ বেগম বলেন অভিবাসন ব্যয় কমাতে হলে বিশ্বের বিভিন্ন দেশের শ্রম বাজার খুঁজে দেখতে হবে। এক্ষেত্রে সরকারি প্রচেষ্টার পাশাপাশি বেসরকারি উদ্যোগও নিতে হবে।

জনাব মিজানুর রহমান ভূইয়া (যুগ্ম মহাসচিব, বায়রা) বলেন মালয়েশিয়ার শ্রম বাজার খুলে যাওয়ার কারণে অভিবাসন ব্যয় অনেকখানি কমে আসবে বলে ধারণা করা যায়। তিনি আরও বলেন সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে নারী শ্রমিক পাঠানোর ক্ষেত্রে সরকারের বর্তমান উদ্যোগকে প্রশংসনীয় বলা যায়। তবে ইতোপূর্বে কেউ

কেউ জাল/ডুয়া ট্রেনিং সার্টিফিকেট সংগ্রহ করে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে গৃহকর্মী হিসেবে কাজ করতে গেছে। বর্তমানে তা প্রায় বন্ধ হয়েছে বলা যায়।

জনাব মোঃ তাজুল ইসলাম, পরিচালক (যুগ্ম-সচিব), বিএমইটি জানান পার্শ্ববর্তী দেশগুলো হতে নারী গৃহকর্মী প্রেরণ বন্ধ হয়ে যাওয়ায় এবং মধ্যপ্রাচ্যের দেশগুলোতে নারী গৃহকর্মীর চাহিদা বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশের উপর এর প্রভাব পড়েছে। বর্তমানে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সমূহে নারী গৃহকর্মীদের দালাল/ মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য লক্ষণীয় মাত্রায় বৃদ্ধি পেয়েছে। জাল/ডুয়া প্রশিক্ষণ সনদ কিছুটা বন্ধ করা গেলেও নির্ধারিত বয়সের (কম/বেশী) বিষয়টি আরো নিশ্চিত করা প্রয়োজন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব রোকেয়া খাতুন বলেন মধ্যপ্রাচ্যের দেশসমূহে প্রেরিত মহিলা গৃহকর্মীগণ সেদেশের আবহাওয়া, খাদ্যাভ্যাস, কাজের ধরণ, মানসিক অসংঙ্গতি (home sickness) ইত্যাদির সঙ্গে খাপ খাওয়াতে পারছে না বিধায় গৃহকর্মীগণের দেশে ফিরে আসার সংখ্যাটিও লক্ষণীয়। সেক্ষেত্রে গন্তব্য দেশের ভাষা ও কাজের ধরণের উপর প্রশিক্ষণের উপর জোর দিতে হবে। সেই সঙ্গে Decent work এর ক্ষেত্রও খুঁজে দেখতে হবে।

বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার দায়িত্বে নিয়োজিত মেডিকেল সেন্টারসমূহ ও গামকার বিষয়ে প্রচুর অভিযোগ পাওয়া যায়। সভায় গামকা হতে প্রতিনিধি প্রেরণের জন্য পত্র দেয়া হলেও কেউ উপস্থিত না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।

সভাশেষে সভাপতির নেতৃত্বে বারিধারা-বসুন্ধরা এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এ অভিযানে “টেকনো ফকি (বাংলাদেশ) ওভারসীজ (আরএল নম্বর: ১২৮৩), বাড়ি নম্বর-৩৮, রোড নম্বর: ৯, ব্লক- বি, বসুন্ধরা-কে “বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩” আইনের ৩৩ ধারা অনুযায়ী অপরাধ প্রমানিত হওয়ায় নিবাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক উল্লিখিত রিক্রুটিং এজেন্সির ব্যবস্থাপনা পরিচালক জনাব এস এম আব্দুল মান্নান-কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। অভিযান শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং নিম্নোক্ত সুপারিশসমূহ গ্রহণ করা হয়ঃ

সুপারিশ:

- ০১। ভিজিলেন্স টার্মফোর্স (VTF) এর পরবর্তী সভায় গামকার প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য পুনরায় পত্র প্রেরণসহ টেলিফোনের মাধ্যমে পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ০২। মহিলা গৃহকর্মী প্রেরণের ক্ষেত্রে অনিয়ম (বয়স, সনদের যথার্থতা) রোধকল্পে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি) মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে; এবং
- ০৩। বিদেশ গমনেচ্ছু কর্মীদের হয়রানি রোধ ও স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণার্থে গামকার তালিকাভুক্ত মেডিকেল সেন্টার-সমূহে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

স্বাক্ষরিত/-

১৯/০৩/২০১৭ খ্রিঃ

(মোঃ শাহনেওয়াজ চৌধুরী)
যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)

ও

সভাপতি, ভিজিলেন্স টার্মফোর্স (VTF)


ফোন : ৮৩৩৩৪২০।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব এম. কে. হাসান মাহমুদ, সহকারী সচিব)।
- ০২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মোঃ আমিনুল ইসলাম, সহকারী সচিব)।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব রোকেয়া খাতুন, সিনিয়র সহকারী সচিব)।
- ০৫। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মোঃ জহির আহমদ, উপসচিব)।
- ০৬। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা (দৃ: আ: জনাব মুজিবুর রহমান, সহকারী পরিচালক)।
- ০৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, বাংলাদেশ কোষ্টগার্ড, আগারগাও, ঢাকা (দৃ: আ: জনাব এ. এস. এম. শফিক উদ্দীন, জাজ এডভোকেট জেনারেল)।
- ০৯। মহাপরিচালক, জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই), সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব শামসুম মনিরা, সহকারী, পরিচালক)।
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ (দৃ: আ: জনাব তাজুল ইসলাম, পরিচালক)।
- ১২। মহাপরিচালক, র্যাব ফোর্স, সদর দপ্তর, ঢাকা।
- ১৩। অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা (দৃ: আ: শাহনাজ বেগম, অতিরিক্ত পুলিশ সুপার)।
- ১৪। মোসাঃ রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। জনাব শাকিল মনসুর, ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম), হাউজ # ১৩এ, রোড # ১৩৬, গুলশান-১, ঢাকা।
- ১৬। জনাব মোঃ নাদিম রহমান, প্রিভেনশন ও কমিউনিকেশন ম্যানেজার, উইন-রক ইন্টারন্যাশনাল, হাউজ নং-০৭ (৩য় তলা), রোড নং-২৩/বি, গুলশান-১, ঢাকা।
- ১৭। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইস্কাটন, ঢাকা (দৃ: আ: জনাব মিজানুর রহমান, জয়েন্ট সেক্রেটারী জেনারেল)।
- ১৮। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (ATAB), সাত তারা সেন্টার (১৫তম তলা), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা।
- ১৯। সভাপতি, টুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ (TOAB), ৫/২(১ম তলা), সংসদ এন্ডিনিউ, মনিপুরীপাড়া, ঢাকা-১২১৫ (দৃ: আ: জনাব মোহাম্মদ হুমায়ুন কবির, পরিচালক)।
- ২০। সভাপতি, হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (HAAB), সাতার সেন্টার (১৬ তম তলা, হোটেল ভিক্টরী লিং), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০।
- ২১। জনাব শেখ মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।


 (মোসাঃ রাবেয়া বসরী)

সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)

ফোন নম্বর: ৮৩১ ৩৯১৯।

ই-মেইল: rebaafroz@gmail.com